



বিরোধীদলীয় নেতার সঙ্গে ইইউ রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ



বিরোধীদলীয় নেতার সঙ্গে ইইউ রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ। ছবি: সংগৃহীত

বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান এমপি'র সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলার। বৈঠকে দুই পক্ষ বাংলাদেশ ও ইইউ'র পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট নানা বিষয়ে আলোচনা করেন।

বৃহস্পতিবার (১৪ মে) জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত এ সাক্ষাতে ইইউ রাষ্ট্রদূতের সঙ্গে ছিলেন পলিটিক্যাল ফাস্ট সেক্রেটারি সেবাস্টিন রিগার ব্রাউন। আলোচনাটি বন্ধুত্বপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে বলে জানা গেছে।

বৈঠকে দেশের গণতান্ত্রিক প্রক্রিয়া আরও কার্যকর করা, নির্বাচন-পরবর্তী রাজনৈতিক পরিস্থিতি, চলমান সংস্কার কার্যক্রম এবং গণভোটের সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয় গুরুত্ব পায়। একই সঙ্গে সামনে অনুষ্ঠিতব্য স্থানীয় সরকার নির্বাচন যাতে স্বচ্ছ ও গ্রহণযোগ্য হয়, সে বিষয়েও মতবিনিময় করেন তারা।

উভয় পক্ষ ভবিষ্যতেও বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়নের মধ্যে সহযোগিতা, উন্নয়ন এবং কূটনৈতিক সম্পর্ক আরও জোরদার হবে বলে আশা প্রকাশ করেন।

এসময় ডা. শফিকুর রহমানের সঙ্গে উপস্থিত ছিলেন তার পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মীর আহমদ বিন কাসেম আরমান এমপি এবং এপিএস মোহাম্মদ নজরুল ইসলাম।